১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan
Vol. 37 ■ Issue No. 23 ■ 8th June 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


DR. K.R. ADHIKARY
COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY
Affiliated to UNIVERSITY OF KALYANI
Pioneer in Paramedical Education since 2003
Student Credit Card Facility
DIPLOMA COURSES (2 Years)
● DOS & OT ● DMLT ● DMRT ● DPT ● DDT & OH ● DECG & PFT ● DPA & ED
● DDT ● DCCT ● ADCLP ● DOTT ● DAT Eligibility : HS (10+2) or equivalent
Kalyani WEBEL I.T Park, Phase-II
Website: www.kradhikarycollege.org | 9339218894 / 9477425536 / 8100149510

# গ্রামীণ ব্যাঙ্ক ৭ হাজার ক্লার্ক ও অফিসার নিচ্ছে

## দরখাস্ত নেওয়া শুরু ৭ থেকে ২৭ জুন

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের ৪০টি গ্রামীণ ব্যাঙ্কে 'গ্রুপ-এ অফিসার (স্কেল -I, II, III)' ও 'গ্রুপ-বি অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস)' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়ার জন্য 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS) দরখাস্ত নিচেছ। প্রার্থী বাছাইয়ের জন্য সর্বভারতীয় ভিত্তিতে অনলাইন টেস্ট (প্রিলি ও মেন) হবে। এই পরীক্ষায় সফল হলে IBPS ইন্টারভিউয়ের সফল প্রার্থীদের কল লেটার পাঠাবে। ইন্টারভিউয়ে সফল হলে ওই ৪০টি ব্যাঙ্কের ওইসব পদে চাকরি পেতে পারেন। মোট ৪০টি গ্রামীণ ব্যাঙ্কের মধ্যে পশ্চিমবঙ্গ-সহ উত্তর-পূর্বাঞ্চলে নিয়োগ হবে এইসব এরপর ১২ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
নতুন ব্যাচ : 10 ও 16 জুন
বালিগঞ্জ-কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

# ১,৫২৪ সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল নিচ্ছে বি.এস.এফ

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল, অসম রাইফেলসে কাজের জন্য 'হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল /কম্ব্যাট্যান্ট মিনিস্ট্রিয়াল)', 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার /কম্ব্যাট্যান্ট স্টেনোগ্রাফার)', 'ওয়ারেন্ট অফিসার (পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট)' আর 'হাবিলদার (ক্লার্ক)' পদে ১,৫২৪ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল/কম্ব্যাট্যান্ট মিনিস্ট্রিয়াল) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিংয়ে (কম্পিউটারে) মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। এরপর ১২ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ১৪৫ ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, রাষ্ট্রীয় কেমিক্যাল অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ১৪৫ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**পোস্ট কোড : MTCHEM/062024 :ম্যানেজমেন্ট ট্রেনি (কেমিক্যাল) :** কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল বা, কেমিক্যাল টেকনোলজির ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫১টি (জেনাঃ ২১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ৫)। এরপর ১৪ পাতায়

# ৬০ ট্রান্সলেটর

**নিজস্ব সংবাদদাতা, পটনা :** পটনা হাইকোর্ট 'ট্রান্সলেটার' ও 'ট্রান্সলেটার কাম প্রুফ রিডার' পদে ৬০ জন লোক নিচ্ছে। ইংরিজি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের এরপর ৪ পাতায়

# ডি.এল.এড কোর্সে ৪৫ হাজার সীটে ভরতির শেষ তারিখ বাড়ল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে 'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতির শেষ তারিখ বাড়িয়ে ১৫ জুন করা হয়েছে। পড়ানো হবে রেগুলার বা, ফেস টু ফেস মোডে। এন.সি.টি.ই.'র অনুমোদিত ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের স্বীকৃত এই কোর্স ২ বছরের। পড়ানো হবে ২০২৪-২০২৬ সেশনে। এই কোর্স পাশ করলে তবে প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিস এরপর ৭ পাতায়

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৩০০/-টাকা~~ ৩০০/-টাকা
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান

# হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১৮২ টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালউরু :** হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড 'ডিপ্লোমা টেকনিশিয়ান' ও 'অপারেটর' পদে ১৮২ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**ডিপ্লোমা টেকনিশিয়ান (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

**ডিপ্লোমা টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল /ইলেক্ট্রনিক্স / ইন্সট্রুমেন্টেশন) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের এরপর ৬ পাতায়

# সেনাবাহিনীর র‍্যালি ১০ জুলাই

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতীয় স্থলবাহিনীর বেঙ্গল ইঞ্জিনিয়ার গ্রুপ ও সেন্টার রুরকী 'অগ্নিপথ' স্কিমে অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর (অফিস অ্যাসিস্ট্যান্ট / স্টোরকীপার টেকনিক্যাল) পদে কয়েকশো ছেলে নেওয়ার জন্য সরাসরি র‍্যাল হবে রুরকীতে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের র‍্যালি হবে ১০ জুলাই। প্রাক্তন সেনাকর্মীর ছেলেরাই এই এরপর ৪ পাতায়

# অনলাইনে বই বিক্রি

ব্যবসা

**কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু**

অনলাইনে বই বিক্রি করা অত্যন্ত লাভজনক। সাধারণভাবে যেকোনো বই বিক্রিতে ৩০% লাভ হয়ে থাকে, যা বড়ো অর্ডারে ৬০% পর্যন্তও হতে পারে। ভারতে




বইয়ের বিশাল গ্রাহক বেস রয়েছে। তরুণ-তরুণীরা রহস্য আর প্রেমের বইয়ের প্রতি আগ্রহী। আর বয়স্ক লোকরা অবসর সময়ে বইয়ে ডুবে থাকতে পছন্দ করেন। তাই ভারতে বই বিক্রির এক বিশাল বাজার রয়েছে। পণ্য বিক্রি করার কৌশল একটা বড়ো শিল্প আর এই শিল্পে দক্ষতা অর্জন করলে জানতে পারা যাবে যে কেন এটিকে 'অবিশ্বাস্য ভারত' বলা হয়। অনলাইনে বই বিক্রিতে দক্ষতা দেখাতে পারলেই এরপর ৬ পাতায়

১৩ বছরের সরকার স্বীকৃত DIPLOMA AGRICULTURE COLLEGE
TAGORE
ADMISSION OPEN
SCHOOL OF RURAL DEVELOPMENT AND AGRICULTURE MANAGEMENT
Affiliated to "UNIVERSITY OF KALYANI"
চাকরীমুখী/ কর্মমুখী ২ বছরের ডিপ্লোমা কোর্স
DIPLOMA IN RURAL DEVELOPMENT & AGRICULTURE MANAGEMENT
DIPLOMA IN ANIMAL SCIENCE & AQUA MANAGEMENT
শিক্ষাগত যোগ্যতা : ১০+২ যে কোন শাখা থেকে। স্নাতক ডিগ্রি অগ্রগণ্য।
100% JOB ASSISTANCE
LIMITED SEATS AVAILABLE
SVMCM SCHOLARSHIP & WBSCC SCHEME LOAN AVAILABLE
OUR TOP RECRUITERS
+91 74394 98600, 6291854757
Campus: Webel-IT Park (Phase-II) Kalyani, Nadia. W.B. Pin: 741235
Web : www.tsrdam.co.in,
Email : training.tsrdam@gmail.com

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

ফিজিওথেরাপি, নার্সিং, অপটোমেট্রি, ECG, প্যাথলজি (DMLT), X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 32, Surya Sen St., Kol-9, Mob : 7980637213

**নৈহাটি ও চুঁচুড়া-তে**
মাসিক মাহিনায় কোচিং CGL, H.S. Lvl., MTS, SSC - GD, RPF & Rail Oriented ক্লাস, 9073447917, 9330496007

## স্কুল-কলেজ-শিক্ষা

**বারাসাত, বহরমপুর, পলাশী**
WBCS, SSC, Bank, Rail, TET, পুলিশ-এর নতুন ব্যাচে ভর্তি চলছে। মাসিক ফী দিয়ে। Takeoff Point, M - 8101008818

**ANNAPURNA NURSING INSTITUTE**
Durgapur, W.B. WBNC, WBUHS & INC(P) GNM- 3 Yrs. Fee 2.10L স্টুডেন্ট ক্রেডিট কার্ড ও স্কলারশিপ দ্বারা ভর্তি হন / 6294487445, 7908747062

**ইন্দ্রজিৎ মেমোরিয়াল ইনস্টিটিউট**
GNM, B.Sc Nursing (Approved by WBNC, INC) D. Pharma (Approved by PCI & WBSCTVESD), প্যাথোলজি (DMLT), ফিজিওথেরাপি (DPT), Nursing Assistant, NIOS স্বীকৃত Homeopathy কোর্সে ভর্তি চলছে। নিজস্ব ল্যাব ও ক্লাসরুম। যোগ্যতা : MP/HS মধ্যমগ্রাম, কল - 130, M : 9143372341

## কর্মখালি

**AIRPORT – BANK**
Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও Bank (DSA)তে সমস্ত জেলায় যোগ্যতা অনুযায়ী M/F নিয়োগ চলছে। বেতন : 17000–38000, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। Mob : 9432809295

মেট্রো রেলে সরাসরি নিজের যোগ্যতা অনুযায়ী চাকরি নিয়োগ। শূন্যপদ : 2786. PF, ESI, বোনাস, মেডিক্যাল সুবিধা। বেতন : 24980 – 74820, M–F নিয়োগ, থাকা-খাওয়া Free. যোগ্যতা : অষ্টম-স্নাতক, Ph : 9038978777

**ভেরিফিকেশন মাধ্যমে 5 দিনে স্পট জয়েনিং**
পঃবঙ্গের 21টি জেলায় ব্যাঙ্ক DSAতে M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : অষ্টম- স্নাতক। ব্যাক অফিস, ডাটা এন্ট্রি, জুনিয়ার ম্যানেজার, সিকিউরিটি গার্ড। বেতন : 18,200/- – 42,000/- যোগাযোগ M : 7596950923

## কর্মখালি

ATM, গার্ড Office পিওন S/V খাবার প্যাকিং পদে পুরুষ চাই। ৮ ঘণ্টা স্থায়ী কাজ। 13,700 – 22,500 বেতন + OT + PF, 8276054653

**নিজ জেলায় এক্সিস ব্যাঙ্ক (DSA)-তে কাজের সুযোগ**
যোগ্যতা : ১০ম-স্নাতক-উর্ধ্বে, বেতন : (১৯,৫০০/-–৩৮,০০০/-) O.T সহ + অন্যান্য সুবিধা। শূন্যপদ: ৬৫। ১০ দিনের মধ্যে আবেদন করতে হবে। এক্স সার্ভিস ম্যানদের অগ্রাধিকার। বিশদ জানতে ফোন করুন: G.E.,7364905586

**জাহাজে চাকরি E.W.K – L.No. 6824**
মার্চেন্ট নেভিতে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : M.P– স্নাতক। বেতন : (25,600–70,200 উর্ধ্বে)। শিপ ও বন্দরে M/F নিয়োগ। এছাড়া বিশেষ সুবিধা আছে। Mob : 7407215861

## কর্মখালি

**নিজ জেলার বন্ধন ব্যাঙ্ক (DSA)-তে কাজের সুযোগ**
যোগ্যতা : ১০ম-স্নাতক - উর্ধ্বে। বেতন : (১৯,৫০০-৩৮,০০০) OT-সহ+অন্যান্য সুবিধা। শূন্যপদ - ৫৬। ১৫ দিনের মধ্যে আবেদন করতে হবে। Ex-সার্ভিস ম্যানদের অগ্রাধিকার। বিশদ জানতে M : 7586059977

**ব্যাঙ্কে চাকরি 7 দিনে জয়েনিং**
নিজের যোগ্যতা অনুযায়ী ব্যাঙ্কে পার্মামেন্ট চাকরি। অফিসের কাজের জন্য মোট 220 জন M/F নেওয়া হবে। টার্গেট নেই। 10 পাশ হতে হবে। বেতন : 22400/-+ ESI, PF, বোনাস ও প্রমোশন আছে। যোগাযোগ M : 8768241775

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কর্মপ্রার্থী নিয়োগ চলছে। বিভিন্ন পদে অষ্টম-স্নাতক M/F, বেতন : 18000/- –42000/-, M : 9432949255

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆ : 7890135514

**বিশেষ বিজ্ঞপ্তি**
'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকি কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে। — সম্পাদক, **কর্মসংস্থান**

**JOY WELFARE NURSING INSTITUTE**
ADMISSION OPEN
Near about 10 Acres Fully Green Campus
**GNM NURSING**
Student Credit Card Applicable
We have Own 3 Super Speciality Hospital Each 150 Beds & Clinical Practice in JNM Govt. Medical College & Gandhi Memorial Hospital Kalyani
Contact : 7003007707 / 9330680794
Add : M & 12, IGC, Ph-III, WBIIDC, Kalyani, Nadia-741235

**Reliable** Your Future Starts Here
এখন আর ব্যাঙ্গালোরে নয়, ব্যাঙ্গালোরের খরচে পশ্চিমবঙ্গ থেকেই নার্সিং কোর্স করুন
( ISO - 9001 : 2015 Certified Institute )
Nursing: GNM, B.Sc, M.Sc, PB.Bsc
Pharmacy: D-Pharm, B-Pharm M-Pharm, Pharm-D
Others: Law, Agriculture, MBA, BBA, MBBS, BDS, Management, Aviation
এছাড়াও আমাদের আরও যে সমস্ত প্যারামেডিক্যাল কোর্স গুলিতে ভর্তি চলছে -
DMLT BMLT CCT OT DPT BPT X-RAY ECG
বিস্তারিত জানতে ঃ কল্যাণী রিলায়েবেল
H.O : Kalyani, 9007309541 / 8017811251
**NEET, JENPAS, GNM/ANM**
( Online / Offline Coaching )
DIPLOMA IN PHARMACY EXIT EXAMINATION ( DPEE )
Next Batch will be Started on 23rd june, 2024 Onwards
RELIABLE ACADEMY CALL 6290427068
For Franchise & Any Enquiry Call : 8017811251 ( 11 AM to 6 PM )

## সেনাবাহিনীতে র‍্যালি

১ পাতার পর

র‍্যালিতে যেতে পারবেন।

কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি তা দেওয়া হল :

**অগ্নিবীর (জেনারেল ডিউটি) :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে ড্রাইভার পদের জন্য অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর (টেকনিক্যাল) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। এন.আই.ও.এস. বোর্ড থেকে পাশ হলেও যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা ইংরিজি, অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে আর নিচের এইসব ট্রেডে আই.টি.আই. (২ বছরের) বা, ডিপ্লোমা (২/৩ বছরের) কোর্স পাশ হলে যোগ্য : মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক ডিজেল, ইলেক্ট্রনিক মেকানিক, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেম, ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ইন্সট্রুমেন্ট মেকানিক, ড্রাফটসম্যান, সার্ভেয়র, জিওইনফর্মেটিক্স অ্যাসিস্ট্যান্ট, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি, মেকানিক কাম অপারেটর ইলেক্ট্রিক কমিউনিকেশন সিস্টেম, ভেসেল নেভিগেটর, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স বা, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর অফিস অ্যাসিস্ট্যান্ট / স্টোরকীপার টেকনিক্যাল :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

৪ বছরের চুক্তিতে কাজ করতে হবে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। দ্বিতীয় বছর মাসে ৩৩,০০০ টাকা। তৃতীয় বছর মাসে ৩৬,৫০০ টাকা। চতুর্থ বছর মাসে ৪০,০০০ টাকা। র‍্যালির দিন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in


মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের চাকরির বিরাট সুযোগ

# নার্সিংয়ের প্লেসমেন্টে রাজ্যের অন্যতম সেরা প্রতিষ্ঠানে ভর্তি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : উচ্চমাধ্যমিকের ফলাফল বেরনোর পর কোন কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবেন? তা জানার জন্য দেশের প্রথম সারির প্রতিষ্ঠান তথা 'ডেলয়েট'এর একটি প্রতিবেদনে জানা গেছে যে, নার্সিং বা প্যারামেডিক্যাল কোর্স নিয়ে পড়লে সবচেয়ে চটজলদি ও কম কোর্স ফীতে নিশ্চিত চাকরি পাওয়া যায়। একথা সত্যি আগামী ২ বছর এই দু'টি পেশায় কয়েক লক্ষ ট্রেনড ছেলে-মেয়ে প্রয়োজন। উচ্চ মাধ্যমিক পাশ করার পর নার্সিং বা প্যারামেডিক পেশা যাঁরা নিতে চান তাঁদের শিক্ষা প্রতিষ্ঠান বাছার সময় এইসব প্যারামিটার অবশ্যই মাথায় রাখতে হবে : (১) কলেজের প্লেসমেন্ট সেল, (২) প্র্যাক্টিক্যালের বেশি সময়, (৩) ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং, (৪) উন্নত মানের ফ্যাকাল্টি, (৫) রাজ্য / কেন্দ্রীয় সরকার (INC) অনুমোদিত কোর্স ইত্যাদি।'

উপরের সবকটি ব্যাপার মাথায় রেখেই একথা নিসন্দেহে বলা যায় যে, বালিগঞ্জের Apollo Care Institute-এ নার্সিং বা প্যারামেডিক্যাল কোর্স পড়ানোর ক্ষেত্রে অনেক দিক থেকে এগিয়ে আছে। প্রতিষ্ঠানের অ্যাডমিশন ডিপার্টমেন্ট থেকে জানানো হয়েছে, এখানে ভরতি চলছে মূলত এই ৩ বিষয়ে : (১) উচ্চমাধ্যমিক পাশেদের জন্য ৩ বছরের জিএনএম কোর্স (ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল-INC অনুমোদিত), (২) মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য ২ বছরের বিএসএস প্র্যাক্টিক্যাল নার্সিং (ভারত সরকার অনুমোদিত) ও (৩) উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীদের জন্য ২ বছরের প্যারামেডিক্যাল কোর্স (ভারত সরকার অনুমোদিত)। কেন এই প্রতিষ্ঠানটি এখন রাজ্যের মধ্যে অন্যতম সেরা, তার ব্যাখা দিতে গিয়ে সংস্থার প্রিন্সিপ্যাল জানালেন যে, 'আমাদের প্রতিষ্ঠানে যেকোনো ছেলেমেয়ে একবার ভরতি হলে, তার কেরিয়ার তৈরি করার সম্পূর্ণ দায়িত্ব আমাদের, অর্থাৎ এখানে কোর্স শেষে চাকরি সে পাবেই। ফলে ছেলেমেয়েদের ট্রেনিং যেমন উচ্চ পর্যায়ের হয় তেমন তাদের গ্রুমিংও হয় ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড- যা চাকরির ইন্টারভিউ ক্র্যাক করতে বিশেষভাবে সহায়ক হয়।' 'এই প্রতিষ্ঠানের ল্যাবে ইনস্ট্রুমেন্টের ব্যবহারিক প্রয়োগ এমনভাবে যত্ন নিয়ে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা যেকোনো নামিদামি হাসপাতাল / নার্সিংহোমে সহজেই চাকরি পায়।' মাধ্যমিক / উচ্চমাধ্যমিক পাশ করার পর নার্সিংয়ের কি বিষয় নিয়ে পড়লে, সুনিশ্চিত চাকরি পাওয়া যাবে তা জানার জন্য সরাসরি ফোনের মাধ্যমে এখনই যোগাযোগ করতে হবে এই নম্বরে : ৯৮৩১৭ ৮৯৫৩৬, ৯৬৭৪৩ ০৭৯২৮ অথবা সরাসরি ইনস্টিটিউটের অফিসে : Apollo Care Institute, ২০/১, বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা - ৭০০ ০১৯।

# বিভিন্ন সরকার স্বীকৃত কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** স্কুল অফ মেডিক্যাল টেকনোলজিতে হেলথকেয়ার ও প্যারামেডিকেল কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ কারিগরি সংসদ এর অধীনে এই প্রতিষ্ঠানটির প্যারামেডিকেল কোর্সের প্রশিক্ষণ শুরু হয় ২০০৩ সাল থেকে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে ভারত সরকারের মিনিস্ট্রি অফ স্কিল ডেভেলপমেন্ট অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে মৌ-চুক্তি স্বাক্ষরিত হয়।

এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাকটিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যারা নিরলস পরিশ্রম করে ছাত্র ছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টির বেশি হাসপাতালের সঙ্গে মৌ-চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকুরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। ভারত সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখান থেকে পাস করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন প্রদেশে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তি চলছে— সার্টিফিকেট কোর্স (যোগ্যতা : মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) : অ্যাডভান্স জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) Phlebotomy (ব্লাড কালেক্টর); ৩) যোগা থেরাপিষ্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) এক্স-রে ইমেজিং টেকনোলজি। কোর্স ফিস আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা- ৭০০০১৪ মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০, পুরুলিয়া : ৯৯৩২৯৬৫৬৩৬ ঝাড়গ্রাম : ৬২৯৪২৮৯৪৭৮ I Website : www.ssmtskill.com


## ৬০ ট্রান্সলেটর

১ পাতার পর

সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতেহবে। হিন্দিতে দক্ষতা থাকতে হবে। আইনের ডিগ্রি ও উর্দু, মৈথিলি ও সাঁওতালী ভাষায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ৩৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৬ বা, তারপর। মূল মাইনে : ৪৪,৯০০ -১৪২,৪০০ টাকা। শূন্যপদ : ট্রান্সলেটর পদে ৬০টি (জেনাঃ ১৭, জেনাঃ মহিলা ৯, ই.ডব্লু.এস. ৫, ই.ডব্লু.এস. মহিলা ১, তঃজাঃ ৬, তঃজাঃ মহিলা ৩, তঃউঃজাঃ ১, অন্যান্য ১৮)। ট্রান্সলেটর কাম প্রুফ রিডার ২০টি (জেনাঃ ৫, জেনাঃ মহিলা ৩, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃজাঃ মহিলা ১, তঃউঃজাঃ ১, অন্যান্য ৬টি)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের বিজ্ঞপ্তি নং : PHC/01/2024 dated 28.05.2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://patnahighcourt.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১০০ টাকা অনলাইনে জমা দেবেন ২ জুলাইয়ের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। বাণিজ্যিকভাবে মৌমাছি পালনকে বলা হয় — এপিকালচার।

২। তাপ ইঞ্জিনের কাজ হল — তাপশক্তিকে যান্ত্রিকশক্তিতে রূপান্তর।

৩। প্রাণীজগতের উৎপত্তি ও বংশসম্বন্ধীয় বিদ্যাকে বলে — জেনেটিক।

৪। ডিএনএ অণুর দ্বি-হেলিক্স কাঠামোর জনক কারা — মার্কিনি জীববিজ্ঞানী জেমস ওয়াটসন ও



ইংরেজ পদার্থবিদ ফ্রান্সিস ক্রিক।

৫। ঘর্মাক্ত দেহে পাখার বাতাস আরাম দেয় কেন — বাষ্পায়ন শীতলতার সৃষ্টি করে।

৬। গাড়ির ব্যাটারিতে কোন অ্যাসিড ব্যবহৃত হয় — সালফিউরিক অ্যাসিড।

৭। কোন ধাতু স্বাভাবিক তাপমাত্রায় তরল থাকে — পারদ।

৮। কৃষি জমিতে প্রধানত চুন ব্যবহার করা হয় — মাটির অম্লতা হ্রাসের জন্য।

৯। গাছের কোন অংশ পেঁয়াজ — কাণ্ড।

## ইতিহাস

১০। 'জাবতি' প্রথা ও 'দাহশালা' প্রথা চালু করেন — রাজা টোডরমল।

১১। ভারতীয় ইতিহাসে 'কিং মেকার' নামে পরিচিত — সৈয়দ ভাইরা।

১২। কোন মোগল শাসক সতীদাহ প্রথার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছিলেন — আকবর।

১৩। মহারানা রাইমাল কোন রাজার স্থলাভিষিক্ত হন — রানা সঙ্ঘ (তিনি একজন সাহসী রাজপুত শাসক ছিলেন)।

১৪। কোন স্থান ভারতীয় উপমহাদেশে কৃষির প্রাচীনতম প্রমাণ দিয়েছে — মেহেরগড়।

১৫। কোন রাজবংশের শাসকরা সর্বপ্রথম ব্রাহ্মণদের জমি অনুদান দিয়েছিলেন — সাতবাহন।

১৬। আফগান-ই-স্তানের বেগ্রাম শহর কোন রাজার রাজধানী ছিল — কণিষ্ক।

১৭। কোন ভাষায় 'গদর' জার্নাল প্রথম প্রকাশিত হয়েছিল — উর্দু।

১৮। ১৯৩০'এর দশকে 'সায়া সান' বিদ্রোহ কোন অঞ্চলে হয়েছিল — বার্মা (এখনকার মায়ানমার)।

১৯। 'নেহরু কমিটি' কোন সালে ভারতের জন্য সংবিধান প্রণয়ন করে — ১৯২৮।

## ভূগোল

২০। ভারতের সর্বনিম্ন উচ্চতা কোনটি — কেরলের কুট্টানাদ।

২১। 'চিরিয়া' লৌহ আকরিক খনি কমপ্লেক্স ভারতের কোন রাজ্যে আছে — ঝাড়খণ্ড।

২২। বিতর্কিত 'বাবলি প্রকল্প' হল একটি বাঁধ, যা মহারাষ্ট্র সরকার কোন নদীর ওপর দিয়ে তৈরি করছে — গোদাবরী।

২৩। খাসি পাহাড় উত্তর-পূর্ব ভারতের কোন রাজ্যের গারো-খাসি রেঞ্জের অংশ — মেঘালয়।

২৪। ভারতের বৃহত্তম মিঠে জলের হ্রদ কোনটি — উলার।

২৫। ভারতের বৃহত্তম পশম উৎপাদনকারী রাজ্য কোনটি — রাজস্থান।

২৬। 'ভুট জোলোকিয়া' প্রধানত ভারতের কোন রাজ্যে জন্মে — অসম (ভুট জোলোকিয়া বা, ভূত লঙ্কা বা, ভুটান লঙ্কা হল উত্তর-পূর্ব ভারতে চাষ করা লঙ্কা)।

২৭। রাজস্থানের ঝামারকোত্রা খনিগুলি কোন খনিজের জন্য সবথেকে বেশি পরিচিত — রক ফসফেট।

২৮। ভারতের বৃহত্তম সেচ খাল কোনটি — ইন্দিরা গান্ধী খাল।

২৯। ভারতের সবথেকে গুরুত্বপূর্ণ নদীবন্দর কোনটি — কলকাতা বন্দর।

## সাম্প্রতিক ঘটনা

৩০। ২০২১ সালে 'কলিঙ্গ ইনস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্স'এর মর্যাদাপূর্ণ 'মানবিক পুরস্কার'এ ভূষিত হলেন কে — রতন টাটা।

৩১। বাড়ির হারিয়ে যাওয়া পোষ্যকে খুঁজে পাওয়ার জন্য 'সুইগি পাওলিস' উদ্যোগ চালু করল কারা — সুইগি।

৩২। 'কুশ' নামে একধরনের মাদকের ব্যবহার রুখতে জাতীয় জরুরি অবস্থা জারি করল কোন দেশ — সিয়েরা লিওন।

৩৩। ইন্দিরা গান্ধীর পর, ভারতীয় প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কোন পত্রিকার প্রচ্ছদে জায়গা পেলেন নরেন্দ্র মোদী — নিউজউইক।

৩৪। ডাক দফতরের সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — বন্দিতা কৌল।

৩৫। 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন'এর সদস্য হিসাবে নিযুক্ত হলেন কে — সচ্চিদানন্দ মোহান্তি।

৩৬। বিশ্বের প্রথম দেশ হিসাবে, মেনিনজাইটিসের জন্য টিকা 'Men5CV' আনল কারা — নাইজেরিয়া।

সঙ্কলক : পলি দেওয়ান

# অনলাইনে বই বিক্রি

ব্যবসা

১ পাতার পর



সুকৃৎ বসু

যথেষ্ট লাভ করতে পারবেন। অনলাইন বইয়ের ওয়েবসাইট তৈরি করুন আর অনলাইনে বই বিক্রি করুন। অনলাইনে আপনার পণ্য প্রদর্শন করুন আর বিশ্ব ব্যাপী বই বিক্রির বাজার ধরুন।

**অনলাইনে বই বিক্রির সুবিধা কী কী :**

**(১) বিক্রির পরিধি অনেক বেশি :** অনলাইনে বই বিক্রির পরিধি সারা বিশ্ব জুড়ে। যেকোনো লেখকের বই সারা বিশ্বের পাঠক পড়তে পারেন।

**(২) নমনীয়তা :** একজন লেখকের বইয়ের দাম ঠিক করা বা বিক্রির পরিধি নিয়ন্ত্রণ করতে পারলে লাভের পরিমাণও বাড়ে।

**(৩) সুবিধাজনক বই পাওয়া যায়।** সহজে ঘরে বসেই বই পাওয়া যায়; সুবিধাজনক দামেও।

**অনলাইন বই বিক্রির ব্যবসা লাভজনক :** যেহেতু SEO ও Algorithms সারা বিশ্বে বই স্টোরে সাহায্য করে, প্রচুর প্রতিযোগিতা সত্ত্বেও গবেষণা ও প্রচুর পরিশ্রমে লাভ পাওয়া যে সম্ভব, তাতে সন্দেহ নেই।

**বিনামূল্যে অনলাইনে বিক্রি শুরু করতে পারা যায় :** বেশ কয়েকটি প্ল্যাটফর্ম বিনামূল্যে অনলাইনে বিক্রি শুরু করার অনুমতি দেয়। যেমন, (১) Etsy, (২) Facebook Market Place, (৩) eBay. এছাড়াও WooCommerce বা Shopify Lite এর মতো বিনামূল্যের ই-কমার্স প্ল্যাটফর্ম ব্যবহার করে নিজের ওয়েবসাইট তৈরি করা যায়।

**অ্যামাজনে অনলাইনে বই বিক্রি করবেন কীভাবে:**

**ধাপ ১ :** Amazon.in এ নথিভুক্ত করুন। যেহেতু বই ট্যাগ অব্যাহতি পাওয়া বিভাগ (বেশিরভাগ বই বিক্রেতার জি.এস.টি দ্বারা প্রভাবিত হওয়া উচিত নয়), আপনি নিমেষেই বিক্রি শুরু করতে পারেন। Amazon Services ওয়েবসাইটে রেজিস্ট্রি করতে হবে। আপনার PAN দিতে হবে।

**ধাপ ২ :** মিনিটের মধ্যে আপনার পণ্য তালিকাভুক্ত করুন। অ্যামাজনে আপনার পণ্য তালিকাভুক্ত করার ৪টি সহজ উপায়ে আপনি কয়েক সেকেন্ডের মধ্যে বই বিক্রি শুরু করতে পারেন। অ্যামাজনে এরমধ্যে উপলব্ধ বইয়ের জন্য, আপনি হয় বিদ্যমান তালিকার মধ্যে পণ্য মেলাতে পারেন বা তালিকায় স্ক্যান করতে পারেন। আপনি অ্যামজনে এক অনন্য / নতুন বই বিক্রি করলে নতুন তালিকা তৈরি করতে পারেন।

**ধাপ ৩ :** আপনার পণ্য কীভাবে সরবরাহ করবেন তা বেছে নিন। Amazon.in এর সঙ্গে আপনার কাছে উপলব্ধ বিভিন্ন শিপিং বিকল্প বেছে নেওয়ার সুযোগ রয়েছে। আপনি চাইলে অ্যামাজন আপনার পণ্যকে তার পূর্ণতা কেন্দ্রে সঞ্চয় করতে পারে। আর প্যাক করে আপনার পক্ষ থেকে গ্রাহকের কাছে পাঠাতে চাইলে Amazon (FBA) দ্বারা পূরণ করুন। যারা তাদের নিজস্ব গুদামে পণ্যটি সংরক্ষণ করতে চান তাদের জন্য অ্যামাজন শিপিংয়ের চাহিদাগুলি ইজি শিপের মাধ্যমে পরিচালনা করতে পারে। আপনাকে কেবল পণ্যটি প্রস্তুত রাখতে হবে আর অ্যামাজন এটি আপনার কাছ থেকে সংগ্রহ করবে আর আপনার গ্রাহকের কাছে পৌঁছে দেবে। আর যদি নিজেই সব কিছু করতে চান, তাহলে পণ্যটি সংরক্ষণ, প্যাক আর গ্রাহকের কাছে পৌঁছে দিতে পারেন, পুরোপুরি নিজে নিজে। অ্যামাজনে পেমেন্ট পাওয়া খুবই সহজ। আপনি আপনার বিক্রেতা অ্যাকাউন্ট নিবন্ধন করার ১৪ দিন পরে অ্যামাজন আপনার অ্যাকাউন্টের ব্যালেন্স নিষ্পত্তি করে।

**অনলাইনে বই বিক্রেতা থেকে শত কোটির মালিক :** একটি বিশেষ গল্প প্রচলিত আছে, প্রখ্যাত ভারতীয় ব্যবসায়ী বিনি বানশাল ও তাঁর প্রতিষ্ঠান ফ্লিপকার্টের কথা নিয়ে। মাত্র ৩৯ বছর বয়সেই ভারতের মতো এক বিশাল দেশের কনিষ্ঠতম বিলিয়নিয়ার হিসাবে জায়গা করে নেন তিনি। ছোট্টো ফ্ল্যাটের বাসাকে অফিস বানিয়ে অনলাইনে বই বিক্রি দিয়ে যে ব্যবসা শুরু করেছিলেন, তা আজ ডালপালা ছড়িয়ে হয়ে উঠেছে সুবিশাল মহীরুহে। দেখতে দেখতে তাঁর গড়া প্রতিষ্ঠান হয়ে উঠেছে নিজেই একটি ব্র্যান্ড। অর্জন করেছে কোটি কোটি মানুষের আস্থা! বিনি বানশাল অনলাইনে বই বিক্রি ব্যবসার সাফল্যের আদর্শ দৃষ্টান্ত স্বরূপ!

**একটি আশ্চর্য ঘটনা :** জেফ বেজোস যখন ১৯৯৪ সালে অ্যামাজন শুরু করেন, তখন এটি অনলাইনে বই বিক্রির জন্য উৎসর্গীকৃত ছিল। সেই সময়ে অ্যামাজনের ট্যাগলাইন ছিল — "The World's Largest Bookstore"।

**অ্যামাজনে কি পড়া বই বিক্রি করা যায় :** হ্যাঁ, অ্যামাজনে ব্যবহৃত বই বিক্রি করা যায়।

**ব্যবহৃত বইয়ের মূল্য কত নির্ধারণ করা উচিত :** ব্যবহৃত বইয়ের দাম মূল দামের ২৫% থেকে ৫০% পর্যন্ত নির্ধারণ করা যুক্তিযুক্ত।

**কোথায় সস্তায় পাবেন আপনার পছন্দের বই :** ফ্লিপকার্ট, অ্যামাজন, ইনফিবিম, রেডিফ-সহ অনলাইনে কেনাকাটা করার প্রায় সব ক'টি ওয়েবসাইটই বই বিক্রি করে।

**কোন বই থেকে বেশি টাকা পাওয়া যায় :** রোম্যান্সের বই। বছরের পর বছর ধরে, রোম্যান্স সবচেয়ে জনপ্রিয় আর লাভজনক বইয়ের ধারা হিসাবে অব্যাহত রয়েছে।

**কেন অনলাইন বইয়ের দোকানে কেনাকাটা :** অনলাইনে কেনাকাটার কোনো নির্দিষ্ট সময় নেই। যখন খুশি কেনাকাটা করতে পারেন। দোকান থেকে দোকান ঘুরে আপনি প্রচুর সময় নষ্ট করে থাকেন। তাই অনলাইনে কেনা সুবিধাজনক।

**বুক ক্যাফে — বই আর কফির সমন্বয় :** এখন সবচেয়ে রমরমা বুক ক্যাফের। এখানে মানুষ বই পড়তে-পড়তে কফি বা চা উপভোগ করতে পারেন। এখন এক নয়া স্টাইল। এর মাধ্যমে আপনি বই প্রেমীদের জন্য একটি আরামদায়ক পরিবেশ তৈরি করতে পারেন, যা তাদের বার বার আপনার ক্যাফেতে আসতে প্রলুব্ধ করবে সঙ্গে বই কেনার ব্যাপারে আগ্রহ দেখাতে পারেন।

**উপসংহার :** অনলাইনে বই বিক্রি করার ব্যবসা যে আধুনিক ও প্রচুর লাভজনক হতে পারে, 'ফ্লিপকার্ট' তার জ্বলন্ত উদাহরণ। তবে সাফল্য আসবে একনিষ্ঠতায় ও বুদ্ধিমত্তায়।

# চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে কীভাবে চাকরি পেলাম



সৌভিক ঘোষ
ক্যাশিয়ার
পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক
মাথাভাঙ্গা শাখা

কোচবিহারের মাথাভাঙ্গার এক মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। আমরা ২ ভাই। বাবার বেকারির ব্যবসা। মাথাভাঙ্গা বিবেকানন্দ বিদ্যামন্দির থেকে ২০০৫ সালে মাধ্যমিক আর ২০০৭ সালে উচ্চমাধ্যমিক পাশ করি। এরপর মাথাভাঙ্গা কলেজ থেকে ২০১০ সালে অঙ্কে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাস করি। ২০১৩ সালে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে ডিস্ট্যান্স মোডে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স পাশ করি। পারিবারিক ব্যবসা থাকলেও বাবা-মা কোনোদিনও উৎসাহ দেননি, বরং সবসময়ে চেয়েছিলেন ছেলে সরকারি চাকরি করুক। ওই সময়ে স্কুল সার্ভিস কমিশনের একটা ক্রেজ ছিল। স্কুলে প্রচুর চাকরি হচ্ছিল। ডিগ্রি কোর্স পাশ করার পর আমিও স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা দিয়েছিলাম। কিন্তু ইন্টারভিউয়ে বাতিল হয়ে যাই। তারপর প্রস্তুতির মধ্যে থাকতে এই কোচিং সেন্টারে ভরতি হই। ৬-৭ মাস কোচিং নেওয়ার পর আর ভালো লাগেনি। পড়ানোর মান পছন্দ হয়নি। তবে এই কোচিং ইনস্টিটিউট থেকে জানতে পারি ডিগ্রি কোর্স পাস করার পর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা ছাড়াও ব্যাঙ্ক, জীবনবিমা সহ নানা পরীক্ষায় বসা যায়। ওই সময় স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসার জন্য বি এড আবশ্যিক করা হয়। হিসাব করে দেখি বি এড পাশ করতে আমার আরো ২ বছর সময় লাগবে। বয়স বেড়ে যাবে। তাছাড়া বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে অনেক খরচ লাগবে। তা জোগাব কীভাবে? শুধু তাই নয়, এরপর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা অনিয়মিত হয়ে পড়ায় চাকরির অনিশ্চয়তা দেখা দেয়। ফলে, এই ঝুঁকির মধ্যে না গিয়ে ব্যাঙ্কের পরীক্ষায় বসার দিকে ধ্যান দিই। ২০১৪ সালে প্রথম আইবিপিএস পরীক্ষায় বসেছিলাম। কিন্তু কোয়ালিফাই করতে পারিনি। এরপর ২০১৬ সালে স্টেট ব্যাঙ্কের ক্লার্ক পদের পরীক্ষায় বসি। কিন্তু পাশ করতে পারিনি। তখন দেখি আমার প্রস্তুতিতে কোথায় কোথায় খামতি রয়েছে। টানা ৬ মাস ধারাবাহিকভাবে প্রস্তুতি নিই। নানা ইউটিউব দেখে অনলাইন কোচিং নিই, নিয়মিত 'কর্মসংস্থান' দেখে ব্যাঙ্কিংয়ের সেট-এর অনুশীলন করি। ২০১৬ সালের বিজ্ঞপ্তি দেখে আইবিপিএস-র জন্য দরখাস্ত করি। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয় যে কোনো শাখার গ্র্যাজুয়েট। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে নেওয়া হয় প্রিলিমিনারি পরীক্ষা। ১০০ নম্বরের মাল্টিপল চয়েজের এই পরীক্ষায় ছিল এইসব বিষয় : কোয়ান্টিটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ ও ম্যাথমেটিক্স। নেগেটিভ নম্বর ছিল। ৩টে ভুলের জন্য ১ নম্বর কাটা হয়। প্রিলিমিনারিতে আমার স্কোর হয় ৭০%। ২০১৭ সালের জানুয়ারি মাসে হয় মেইন পরীক্ষা। ২০০ নম্বরের পরীক্ষায় ছিল এইসব বিষয় : জেনারেল স্টাডিজ, কম্পিউটার, ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স। মেইন পরীক্ষার মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই হয়। ইন্টারভিউ হয়নি। চূড়ান্ত ফল বেরোয় ২০১৭ সালের ১ এপ্রিল। ২০১৮ সালের জানুয়ারি মাসে পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের মালদহ শাখায় যোগ দিই। ৬ মাস প্রবেশনে ছিলাম। এরপর পোস্টিং হয় কালিয়াগঞ্জে। ২ বছর ছিলাম। ২০২১ সালের সেপ্টেম্বর মাসে মাথাভাঙ্গা শাখায় যোগ দিই। এখন ক্যাশিয়ার পদে চাকরি করছি। এই চাকরি ছাড়াও ২০১৬ সালে প্রাইমারি স্কুলে ও আরআরবি-র ( রিজিওন্যাল রুরাল ব্যাঙ্কে) মাধ্যমে পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্কে ( সিউড়ি শাখায়) স্কেল ওয়ান পদেও চাকরি পেয়েছিলাম। কিন্তু ওই সব চাকরিতে যোগ দিইনি।

আমার পরামর্শ হল, সরকারি চাকরি পাওয়ার জন্য একটা নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এগোতে হবে। সব কিছু ভুলে সেখানে ধ্যান দিতে হবে। ব্যাঙ্কে চাকরির জন্য মেধার পাশাপাশি থাকতে হবে একাগ্রতা, অ্যাকিউরেসি আর নিষ্ঠা। অঙ্ক ও ইংরিজিতে বেস তৈরি করতে হবে। শিখতে হবে অঙ্কের উত্তর চটপট দেওয়ার কৌশল। পাশাপাশি জেনারেল ইন্টিলিজেন্স আর জেনারেল স্টাডিজ-এ গুরুত্ব দিতে হবে। আর গোড়া থেকে নেতিবাচক চিন্তা ছেড়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে এগোতে হবে। আমিও পারবো — এই মনোভাব নিয়ে প্রস্তুতি নিতে হবে।

গত বছরের মতো 'এ' বছরেও

- PSC ক্লার্কশিপ ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
- RPF কনস্টেবল ও রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পরীক্ষায়
- SSC জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়

'Common' পেতে

আর

সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য

সাফল্য সাধারণ জ্ঞান

চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন

হেল্প লাইন : 6291684943

## হিন্দুস্তান অ্যারোনটিক্সে

১ পাতার পর

ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)।

**অপারেটর (ফিটার) :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১০৫টি (জেনাঃ ৪৪, ও.বি.সি. ২৭, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ১১)।

**অপারেটর (ইলেক্ট্রিশিয়ান) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২)।

**অপারেটর (মেশিনিস্ট) :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**অপারেটর (ওয়েল্ডার) :** আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**অপারেটর (শীট মেটাল ওয়ার্কার) :** আই.টি.আই. থেকে শীট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ওপরের সব ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১-৫-২০২৪'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ৪ বছরের জন্য কাজ করতে হবে। প্রয়োজনে কাজের মেয়াদ বাড়ানো হতে পারে। শুরুতে ৮ সপ্তাহের ট্রেনিং। ডিপ্লোমা টেকনিশিয়ান পদের বেলায় শুরুতে মাইনে ৪৬,৫১১ টাকা ও অপারেটর পদের বেলায় ৪৪,৫৫৪ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : A/HR/TBP/01/2024 dated 27th May, 2024. প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। আড়াই ঘন্টার লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (ক) জেনারেল অ্যাওয়ারনেস-২০টি প্রশ্ন, (খ) ইংরিজি ও রিজনিং-৪০টি প্রশ্ন, (গ) সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন। দরখাস্ত করবেন অনলাইনে, ১২ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.hal-india.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত করতে কোনো অসুবিধা হলে সরাসরি ই-মেল করুন এই নম্বরে : examflixdesk@gmail.com

## ডি.এল.এড কোর্সে

১ পাতার পর

কমিশনের আপার প্রাইমারি টিচার হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ্চমাধ্যমিকে ইংরিজি-সহ দু'টি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে। সীট প্রতিটি প্রতিষ্ঠানে৫০টি করে। তবে কয়েকটি প্রতিষ্ঠানে সীট ১০০টি করে। পড়ানো হবে বাংলা/অন্যান্য মাধ্যমে। মোট সীট প্রায় ৪৬ হাজারের বেশি। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৩,৭০০টি। বেসরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৪২০০০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে সীট প্রায় ৪৫,২০০টি, হিন্দি মাধ্যমে প্রায় ৩০০টি, নেপালী মাধ্যমে প্রায় ১০০টি, উর্দু মাধ্যমে প্রায় ৫০টি, সাঁওতাড় মাধ্যমে প্রায় ৫০টি।

প্রার্থী বাছাই হবে উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শতকরা হার নির্ণয়ের সময় প্রথম ও দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ বিষয়-সহ বেস্ট অফ ফাইভে পাওয়া নম্বর দেখা হবে। ই.ভি.এস.'র নম্বর এখানে ধরা হবে না। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। ভরতি চলবে ১০ জুন থেকে ২২ জুন পর্যন্ত। সেশন শুরু ৮ জুলাই।

অনলাইনে দরখাস্ত নেওয়া হবে ১৫ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণ পত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। প্রতিষ্ঠানের নাম-ঠিকানা পাবেন ওই ওয়েবসাইটে।

## ডব্লু.বি.সি.এস.-এর ডেমো ক্লাস ৮ জুন

**নিজস্ব প্রতিনিধি :** ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রস্তুতির বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান হল অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের বারাসাত সেন্টার। ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রস্তুতির জন্য শেষ ব্যাচে ভরতি চলছে। এই ব্যাচের ক্লাস শুরু ৮ জুন, শনিবার থেকে। এখানে ডব্লু.বি.সি.এস. অফিসার-সহ একাধিক সরকারি আধিকারিক দ্বারা ক্লাস করানো হয়। ক্লাস হয় শনিবার ও রবিবার। যাঁরা সদ্য গ্র্যাজুয়েট হয়েছো কিংবা যাঁরা ডিগ্রি কোর্সে পড়ছো, তাঁরা এখন থেকেই ডব্লু.বি.সি.এস. অফিসার হওয়ার জন্য প্রস্তুতি শুরু করে দিতে পারো। ডব্লু.বি.সি.এস. কোর্সের ডেমো ক্লাস হবে ৮ জুন, শনিবার। আগ্রহী ছেলেমেয়েরা ডেমো ক্লাসের জন্য নাম নথিভুক্ত করতে পারো। এছাড়াও এখানে ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি, ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. মেনস, পি.এস.সি ক্লার্কশিপ, মিসলেনিয়াস সার্ভিসেস ও পুলিশের মক টেস্ট শুরু হয়েছে। এখানে সারা বছরই বিভিন্ন পরীক্ষার মক ইন্টারভিউয়ের ব্যবস্থা আছে। এছাড়াও এখানে কম্বাইন্ড কোর্স, রেলের এন.টি.পি.সি. আর গ্রুপ-ডি'র নতুন ব্যাচেও ভরতি চলছে। গত বছরে এখান থেকে ডব্লু.বি.সি.এস. (গ্রুপ-এ, গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে), মিসলেনিয়াস সার্ভিসেস, ক্লার্কশিপ, পুলিশ, আই.সি.ডি.এস. সুপারভাইজার-সহ অন্যান্য পদে ১০০'এর বেশি ছেলেমেয়ে চূড়ান্তভাবে সফল হয়েছে। ভরতির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায় : বারাসাত অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন, সোম টাওয়ার, পাইওনীয়ার পার্ক, বারাসাত, উত্তর ২৪ পরগনা। ফোন : 9073587432, 9073099301.


Join BNG

Hotel Management Institute, Kolkata

World's Most Popular and Job Oriented Course




HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 1 Year Learn & Earn From Day 1 | ~~1,00,000/-~~ | 30,000/- |

INSTANT LOAN available, No Guarantor required.

Bring this Cutout to avail Scholarship Code : #KSRBNG2024

9674062259
9830796307

BNG

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।
W: www.bngkolkata.com | E: admin@bngkolkata.com | P: +91 98307 96307 | Toll Free No. :1800 891 1508


## চাকরির একমাত্র ঠিকানা TIEM

## হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স করে দেশে ও বিদেশে চাকরি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** উচ্চমাধ্যমিক পাশ বা গ্র্যাজুয়েশন হওয়ার পর ছাত্রছাত্রীরা একটা দুশ্চিন্তার মধ্যে পড়েন, যে কোন কোর্স নিয়ে পড়লে ভবিষ্যত সুনিশ্চিত হবে? কীভাবে একটা সম্মানীয় চাকরি পাব? চাকরির ক্ষেত্র হিসাবে বিশ্বের অন্যতম হল হোটেল ও হসপিটালিটি সেক্টর বা আতিথেয়তা শিল্প। TIEM কলেজে বিগত এক দশকেরও বেশি সময় ধরে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে হাজার হাজার ছাত্রছাত্রী হাতে-কলমে ট্রেনিং নিয়ে দেশ ও বিদেশে নামি 5 স্টার হোটেলে চাকরিরত। এখানে ভর্তি হলে যেসব সুবিধা পাবেন : অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকার কাছে ট্রেনিং, ওয়াই-ফাই ক্যাম্পাস, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং, ক্যাজুয়াল ট্রেনিং, SC, ST, OBC-দের কোর্স ফিতে ছাড়, ব্যাঙ্ক লোনের মাধ্যমে কোর্স করার সুযোগ, কিস্তিতে কোর্স ফি পরিশোধ করার সুবিধা, কোর্স চলাকালীন ৮,০০০-১০,০০০ টাকা ইনকাম করার সুযোগ। আরও বিস্তারিত জানতে বা ভর্তি হতে যোগাযোগ করুন, TIEM, ৬ সিলস গার্ডেন রোড, কলকাতা-৭০০০০২। মোবাইল - 9002469602, 8697588002


**প্রগতি ITI-এ ভর্তি**
**বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৪ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700



**KOLKATA TEACHERS TRAINING COLLEGE**

Vill.-Panpur, P.O.-Narayanpur, Dist. North 24 Parganas, 743126 WB. (East of Kankinara Railway station) Permanent Recognized by ERC, NCTE (Bhubaneswar), (Govt. of India) & Permanent affiliated to BSAEU (WBUTTEPA) & WBBPE.

**M: 8100310410 / 9903362333**

**RECRUITMENT NOTICE**

**Application are invited from eligible candidates for M.Ed, B.Ed & D.El. Ed. courses :**

**M.Ed. Eligibility for Assistant Professor :** MA, M.Ed, NET/SET with 55% marks.

**For Professor and Associate Professor:** MA, M.Ed, NET/SET and Ph.D. with 55% marks and 10 years teaching experience.

**B.Ed. Eligibility for Principal:** who have passed MA, M.Ed, NET/SET and Ph.D. with 55% marks and 10 years teaching experience.

**For Assistant Professor:** MA. M.Ed and NET/SET. with 55% marks.(Economics, English, Foundation, Physical Science, Political Science, Hindi).

**For Librarian:** B.Lib., M.Lib with 55% marks.

**D.El.Ed. Eligibility for HOD:** MA, M.Ed with 55% marks and 5 years teaching experience.

**For Assistant Professor:** MA. M.Ed with 55% marks. (Bengali, English, Foundation, History, Geography, Mathematics, Life Science, Physical Science, Music, Fine Art and Physical Education).

**Application with Bio-Data along with all documents Xerox copies should be reached on or before 18.06.2024 by college mail (kolkatatt@gmail.com) or Speed Post.**

**Secretary**


### মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

## বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**নিজস্ব সংবাদদাতা :** এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্সে ভর্তি চলছে। বিজ্ঞান বা ভোকেশনাল বিষয়ে উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশে ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাসে রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েক হাজার বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি পাশ করা ছাত্র ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুণ বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

### মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি কৃষ্ণনগর ও বহরমপুরে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে: (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 7602656588, 7001279061.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB. Ph. : 9064922886, 9733523939.

ওয়েবসাইট : www.sipto.org

ই-মেল : www.sipto19@gmail.com

**এখান থেকে পাশ করে চাকরি করছে এমন কিছু ছেলেমেয়ের ছবি দেওয়া হল —**



বুদ্ধদেব পাল | গণেশ চন্দ্র পাল | মহঃ সুরজ আলি | প্রশান্ত ভাওয়াল | সঙ্গীতা মাইতি | ত্র্যম্বক কান্তি কর

## সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## ইউ.পি.এস.সি.'র

■ সাধারণ প্রার্থীরা আই.পি.এস. হওয়ার পরীক্ষা কতবার দিতে পারে? — মহঃ আজমাল হোসেন, মহঃ আহমেদ হোসেন, দক্ষিণ মহাদেবনগর, ফরাক্কা, মুর্শিদাবাদ।

■■ ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষার জন্য বয়স হতে হবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।

## পুলিশে চাকরির

■ কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? এবছর কি পরীক্ষা হবে? — অতনু বিশ্বাস, আমডাঙ্গা, আওয়ালসিদ্ধি, উত্তর ২৪ পরগনা। রতন দাস, ভাটপাড়া, নৈহাটী, উত্তর ২৪ পরগনা। নারায়ণ কর্মকার, খড়িবাড়ি, উত্তর ২৪ পরগনা।

■■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি.পরীক্ষা হবে সম্ভবত ১৮ আগস্ট। পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা হতে পারে ২২ সেপ্টেম্বর আর পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের প্রিলিমিনারি পরীক্ষা হতে পারে ১৫ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের তরফ থেকে জানানো হয়, এখনো পরীক্ষার সঠিক তারিখ ঠিক হয়নি। সম্প্রতি নির্বাচন শেষ হয়েছে। খুব শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে। তখন ওয়েবসাইটে দেওয়া হবে।

## স্টাফ সিলেকশনের

■ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষা কবে হবে? সি.জি.এল. ও এম.টি.এস.'এর ফর্ম পূরণ কবে থেকে শুরু হবে? রেলের এন.টি.পি.সি. ও গ্রুপ-ডি পদের ফর্ম পূরণ কবে থেকে শুরু হবে? — পিউ বিশ্বাস, উত্তর ২৪ পরগনা।

■■ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষা হবে সম্ভবত ১ থেকে ১২ জুলাই। শিগগিরই পরীক্ষার তারিখ স্টাফ সিলেকশন কমিশন ঘোষণা করবে। এম.টি.এস.'এর ফর্ম পূরণ আগামী সপ্তাহ থেকে শুরু হবে। সি.জি.এল.'এর বিজ্ঞপ্তি বেরোবে এই মাসে। পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবর নাগাদ। রেলের এন.টি.পি.সি. পদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে জুন-জুলাইয়ে। পরীক্ষা হবে সেপ্টেম্বরে। গ্রুপ-ডি পদে দরখাস্ত নেওয়া হবে আগস্ট নাগাদ। পরীক্ষা হবে আগামী বছর জানুয়ারি -ফেব্রুয়ারিতে।

## সেনাবাহিনীর

■ মাধ্যমিক পাশ ও আই.টি.আই. পাশ। অগ্নিবীর স্কিমে সোলজার জেনারেল ডিউটি ও সোলজার টেকনিক্যাল পদে দরখাস্ত করতে পারব কি? — আফ্রিদি নস্কর, রামনগর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ হ্যাঁ, দু'টি পদেই দরখাস্ত করতে পারবেন। তবে সোলজার জেনারেল ডিউটি পদের বেলায় মাধ্যমিকে ৪৫% আর সোলজার টেকনিক্যাল পদের বেলায় মাধ্যমিকে ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

## প্রাইমারি টিচারের

■ রিহ্যাবিলিটেশন অফ ইন্ডিয়া (আর.সি.আই.) থেকে ডি.এল.এড. কোর্স পাশ করলে তা প্রাইমারি চাকরির জন্য যোগ্য কি? উচ্চমাধ্যমিকের নম্বর বাড়ানোর জন্য কেউ যদি নতুন করে মুক্ত বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক ও আর.সি.আই. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে একইসঙ্গে ডি.এল.এড. কোর্স করে তাহলে কি অসুবিধা হবে? — প্রিতম গড়াই, সিমলাপাল, বাঁকুড়া।

■■ প্রথম প্রশ্নের উত্তর, আর.সি.আই. থেকে ডি.এল.এড. পাশ করে থাকলে প্রাইমারির জন্য যোগ্য। দ্বিতীয় প্রশ্নের উত্তর, হ্যাঁ, দু'টি কোর্স একইসঙ্গে করতে পারবেন।

## রেলে চাকরির

■ রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা কবে হতে পারে? এবছর কি পরীক্ষা হবে? — সৌমিতা নন্দী, শ্যামনগর, উত্তর ২৪ পরগনা। তপন মাহাতো, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে রেল রিক্রুটমেন্ট বোর্ডের নির্ধারিত সূচী অনুযায়ী পরীক্ষা আগস্টে হওয়ার সম্ভাবনা আছে।

■ রেলের নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.) ও গ্রুপ-ডি পদের জন্য কোনো ফিজিক্যাল ফিটনেস দেখা হয় কি? চোখে চশমা থাকলে যোগ্য কি? — সোনালিসা ঘোষ, খড়গপুর, পশ্চিম মেদিনীপুর।

■■ এন.টি.পি.সি. ও গ্রুপ-ডি পদের জন্য ফিজিক্যাল ফিটনেস দেখা হয় না। তবে গ্রুপ-ডি পদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হতে হয়। দুই পদের বেলায়ই ন্যূনতম দৃষ্টিশক্তি থাকতে হবে।

## অন্যান্য চাকরির

■ গ্রামীণ ডাক সেবক পদের জন্য. ই.ডব্লু.এস. সার্টিফিকেট রাজ্য সরকারের দেওয়া বৈধ না, কেন্দ্রীয় সরকারের দেওয়া বৈধ? — শুভঙ্কর দাস, দাঁতন, পশ্চিম মেদিনীপুর।

■■ রাজ্য বা, কেন্দ্রীয় সরকার - দু'টি সার্টিফিকেটই বৈধ।

■ হাই কোর্টের রায়ে ২০১০ সালের পর সব ও.বি.সি. সার্টিফিকেট বাতিল করা হয়েছে। তাহলে এই মুহূর্তে রাজ্য বা, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে যে শূন্যপদ বেরোচ্ছে, তাতে ২০১০ সালের পর পাওয়া ও.বি.সি. সার্টিফিকেটধারীরা কি ও.বি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করতে পারবে? — নূপুর বিশ্বাস, অশ্বিনীপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ হাই কোর্টের রায়ে ২০১০ সালের পর পাওয়া সব ও.বি.সি. সার্টিফিকেট অবৈধ বলে ঘোষণা করা হয়েছে। নির্বাচনের পর রাজ্য সরকারের যেসব শূন্যপদে বিজ্ঞপ্তি বেরোবে, সেখানে ও.বি.সি. সার্টিফিকেট নিয়ে নির্দেশিকা থাকবে। রাজ্য বা, কেন্দ্রীয় সরকারের চাকরিতে দরখাস্ত করার সময় কোনো প্রার্থী ও.বি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করে থাকলে ও পরে ওই সার্টিফিকেট দেখাতে না পারলে তার ও.বি.সি. ক্যাটেগরির পদ বাতিল করে জেনারেল ক্যাটেগরির সুযোগ দেওয়া হয়।

## কোর্স ও ট্রেনিং

■ কল্যাণী বিশ্ববিদ্যালয় থেকে অ্যাগ্রিকালচার সায়েন্স ফর ইনপুট ডিলার্স বিষয়ে ৭৪% নম্বর নিয়ে ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করেছি। এই সার্টিফিকেটের ওপর ভিত্তি করে কোনো চাকরিতে আবেদন করতে পারব কি? — সৌমেন মজুমদার, বড়ো ধামাস, কালনা, পূর্ব বর্ধমান।

■■ অ্যাগ্রিকালচার কিংবা ফার্টিলাইজার সংক্রান্ত প্রতিষ্ঠানে বা, বিভাগে চাকরির জন্য ওই সার্টিফিকেট কাজে লাগতে পারে।

■ নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভরতি কবে থেকে শুরু হবে? — শুভময় দাস, কামারপাড়া, রায়গঞ্জ, জলপাইগুড়ি।

■■ নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কোর্সে ভরতি শুরু হয়েছে। বিস্তারিত তথ্য পারেন এই ওয়েবসাইটে : www.wbnsou.ac.in

■ ইগনু থেকে মাস্টার ডিগ্রি কোর্স করলে সব পরীক্ষার ক্ষেত্রে যোগ্য কি? ইগনু'র ভরতির প্রক্রিয়া শুরু হয়েছে কি? — পবিত্র মুখার্জী, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।

■■ ইগনু'র বছরে দু'টি সেশনে ভরতি হয়। একটি জুলাই ও আরেকটি জানুয়ারিতে। পড়ানো হয় ও.ডি.এল. মোডে ও অনলাইন মোডে। জুলাই সেশনের জন্য খুব শিগগিরই ভরতি প্রক্রিয়া শুরু হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbnsou.ac.in

■ সরকারি ডি.এল.এড. কোর্সে ভরতি হতে হলে কোনো এন্ট্রান্স দিতে হয় কি? না নম্বরের ভিত্তিতে হয়। কত শতাংশ নম্বর থাকলে সরকারি কলেজে সুযোগ পাওয়া যায়? — সোনালিসা ঘোষ, খড়গপুর, পশ্চিম মেদিনীপুর।

■■ না, কোনো এন্ট্রান্স পরীক্ষা দিতে হয় না। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়। ন্যূনতম কত শতাংশের প্রার্থীরা সুযোগ পাবে, সেটি নির্ভর করে কত দরখাস্ত জমা পড়বে, তার ওপর। গতবার ৯৪ শতাংশ নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পেয়েছে।

■ লাইব্রেরি সায়েন্সের কোর্স রাজ্যে কোথায় কোথায় পড়ানো হয়? — পারমিতা দত্ত, হুগলি।

■■ লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স করানো হয় পশ্চিমবঙ্গের এই ৩টি প্রতিষ্ঠানে : (১) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, (২) কালিম্পঙের গভর্নমেন্ট জনতা (পিপলস) কলেজ ও বাণীপুরের গভর্নমেন্ট পিপলস (জনতা) কলেজ। শিক্ষাগত যোগ্যতা দরকার যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক বা, সমতুল পাশ। কর্মরত প্রার্থীরা মাধ্যমিক যোগ্যতার হলে ও সেইসঙ্গে ৫ বছরের পূর্ণ সময়ের গ্রন্থাগারের কর্মী হলে আবেদনযোগ্য। লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পড়ানো হয় কলকাতা, যাদবপুর, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়। এছাড়াও দূরশিক্ষায় পড়ানো হয় ইগনু, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| SSC-মাল্টিটাস্কিং স্টাফ পরীক্ষার মাধ্যমে ক্লার্ক | মাধ্যমিক | - | ৬-৬-২৪ | www.ssc.nic.in |
| ইঞ্জিনিয়ারিং পড়িয়ে আর্মিতে চাকরি | উচ্চমাধ্যমিক, | ৯০ | ১৩-৬-২৪ | www.joinindianarmy.nic.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |
| ইউ.পি.এস.সি.'র কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ৪৫৯ | ৪-৬-২৪ | https://www.upsconline.nic.in |
| ইউ.পি.এস.সি.'র ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি পরীক্ষার মাধ্যমে অফিসার | উচ্চমাধ্যমিক | ৪০৪ | ৪-৬-২৪ | https://www.upsconline.nic.in |
| প্রাথমিক স্কুলে চাকরির জন্য ডি.এল.এড. কোর্সে ভরতি | উচ্চমাধ্যমিক | - | ৩১-৫-২৪ | www.wbbpe.org |
| ইছাপুর স্টিল ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, ডিগ্রি | ১৫ | ১৩-৬-২৪ | https::/nats.education.gov.in |
| বি.এস.এফ.-এ নার্স, টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট | আই.টি.আই., উচ্চমাধ্যমিক | ১৪১ | ১৭-৬-২৪ | https.rectt.bsf.gov.in |
| বি.এস.এফ.-এ সাব-ইন্সপেক্টর হেড কনস্টেবল, কনস্টেবল | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৬২ | ৩০-৬-২৪ | https://rectt.bsf.gov.in |
| বিমানবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩০৪ | ২৮-৬-২৪ | https://careerindianairforce.cdac.in |
| বাঁকুড়া জেলা আদালতে ক্লার্ক ও গ্রুপ -ডি | এইট, মাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৯৯ | ২৪-৬-২৪ | www.bankura.dcourts.gov.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-। পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-।। ও ।।। (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| UPSC-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| UPSC-এর ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| SSC-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৪-৬ জুন | www.ssc.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ২৮ জুলাই | www.wbpsc.gov.in |
| SSC-ফেজ XII পরীক্ষা | ২৪-২৬ জুন | www.ssc.nic.in |
| DSSSB-এর বিভিন্ন পরীক্ষা (3/23) | ১০-২২ জুন | www.dsssb.delhi.gov.in |
| SSC-CHSL-পরীক্ষা | ১-১২ জুলাই | www.ssc.nic.in |
| SSC- জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৬-৭ জুন | www.ssc.nic.in |

## পি.এস.সি ক্লার্কশিপ

# WBPSC Exam

# ক্লার্কশিপ পরীক্ষা



পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে প্রায় ৬,০০০ শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ২০২৩ সালের ক্লার্কশিপ' পরীক্ষার মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। লিখিত পরীক্ষা আগস্টে হওয়ার সম্ভাবনা। প্রথম পার্টের পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টে যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন রাজ্য পণ্য ও পরিষেবা কর দফতরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার **সামিম সরকার।**

**1.** Find out the alternative of the underlined word from the following :
The number of <u>globetrotters</u> has increased after the second world war.
(A) People of importance (B) travellers around the world (C) great persons (D) foreign countries

**2.** Choose the correct Sentence.
(A) He is the youngest to the two brothers
(B) He is the younger to the two brothers
(C) He is younger of the two brothers
(D) He is the youngest of the two brothers

**3.** Choose the correct sentence.
(A) Sony had bought two dozens apples.
(B) Sony bought two dozen apples.
(C) Sony bought two dozens apples.
(D) Sony buy two dozen apples.

**4.** Choose the correct sentence.
(A) The girl is being taken biscuits every day.
(B) The girl takes biscuits every day.
(C) The girl is taking biscuits every day.
(D) The girl is taken biscuits every day.

**5.** Choose the correct sentence.
(A) A vegetarian is a person who never eat meat.
(B) A vegetarian is a person who is never eating meat.
(C) A vegetarian is a person who never eats meat.
(D) A vegetarian is a person who never is eating meat.

**6.** Find out whether there is any grammatical error in the sentence below.
If I were him / I would have taught / those cheats a lesson.
(A) No error (B) I would have taught
(C) If I were him (D) those cheats a lesson

**7.** Choose the correct sentence.
(A) Jimmy and I gone home
(B) Jimmy and I went home
(C) I and Jimmy went home
(D) I and Jimmy had went home

**8.** Find out the alternative of the underlined word from the following: I have come to know of your <u>hole and corner</u> method of dealing with people.
(A) suspicious (B) servile (C) strict (D) secret

**9.** Choose the correct sentence.
(A) Do you like the glass of water?
(B) Would you like a glass of water?
(C) Do you like a glass of water?
(D) Would you like the glass of water?

**10.** What will be the sequence of part of the sentence starting from (1) and ending as (6)?
(1) : The district collector
P : the next of kin
Q : would be provided to
R : announced that financial assistance
S : of the deceased
(6) from the Chief Minister's Relief Fund.
The proper sequence should be :
(A) SQRP (B) QSPR (C) PSRQ (D) RQPS

**11.** Change the direct speech into indiredt speech. I said to my brother. "Let us go to some hill station for a change".
(A) I suggested my brother that we should go to some hill station for a change. (B) I asked my brother if he would go to some hill station for a change. (C) I asked my brother to go to some hill station for a change. (D) I permitted my brother to go to some hill station for a change.

**12.** Fill in the blank :
Her thinking leans ____ democracy.
(A) to (B) towards (C) with (D) for

**13.** Change the direct speech into indirect speech. Pinki said to Gaurav, "Will you help me in my work just now?"
(A) Pinki asked to Gaurav that will he help her in her work just now. (B) Pinki questioned to Gaurav that will you help me in my work just now. (C) Pinki asked Gaurav if he would help her in her work just then. (D) Pinki told Gaurav whether he will help her in her work just now.

**14.** Fill in the blank :
He got too tired ____ over work.
(A) for (B) because off
(C) because of (D) on

**15.** Choose the correctly spelt word.
(A) Worresome (B) Worrisome
(C) Worisome (D) Worrisom

**16.** The Father was anxious .... the safety of his daughter.
(A) for (B) at (C) about (D) with

**17.** Choose the best prefix which matches with the word 'Spoken'?
(A) En (B) De (C) Out (D) Dis

**18.** There is an exception ____ every rule.
(A) to (B) for (C) in (D) up

**19.** Find out the alternative of the underlined word from the following :
Wait here. I shall be back <u>in a jiffy.</u>
(A) after some time (B) by some vehicle
(C) in a hurry (D) at once

**20.** Find out the alternative of the underlined word from the following: The new economic policy is likely to <u>run into rough weather.</u>
(A) create problems
(B) confuse matters
(C) make things difficult
(D) encounter difficulties

**21.** Choose the correctly spelt word.
(A) Harresment (B) Harrasmant
(C) Harasment (D) Harassment

**22.** Fill in the blank :
I ____ never seen such a picture before.
(A) has (B) was (C) did (D) have

**23.** Find out whether there is any grammatical error in the sentence below.
My father goes / to his office / five day week.
(A) No error (B) to his office
(C) My father goes (D) five day week

**24.** Choose the correctly spelt word.
(A) Consansus (B) Consensus
(C) Cocensus (D) Consencus

**25.** Change the direct speech into indirect speech. He said to her, "Don't read so fast."
(A) He ordered her don't read so fast.
(B) He advised her don't read so fast.
(C) He told her not to read so fast.
(D) He requested her not to read so fast.

**26.** Find out whether there is any grammatical error in the sentence below.
He is going everyday / for a morning walk / with his friends and neighbours.
(A) No error
(B) for a morning walk
(C) He is going everyday
(D) with his friends and neighbours

**27.** 'At daggers drawn' means
(A) Friendly (B) On bad terms with
(C) Acquainted (D) Unknown

**28.** Find out the alternative of the underlined word from the following :
The trade union's seemingly rightful demand is only a <u>stalking horse</u> to blackmail the management.
(A) suggestion (B) proposal
(C) trick (D) pretence

**29.** Change the direct speech into indirect speech. He said to his servant, "Why are you so lazy today"?
(A) He asked his servant why was he so lazy that day. (B) He asked his servant why he had been so lazy that day. (C) He asked his servant why he was to lazy that day. (D) He asked his servant why he was being so lazy that day.

**30.** Find out whether there is any grammatical error in the sentence below.
If she will be promoted / she will get / a higher salary.
(A) No error
(B) she will get
(C) If she will be promoted
(D) a higher salary

## পি.এস.সি ক্লার্কশিপ

**31.** শকাব্দের প্রচলন কে করেছিলেন?
(A) বিম্বিসার (B) বিন্দুসার (C) অশোক (D) কণিষ্ক

**32.** বাংলায় কৌলিন্য প্রথা কে চালু করেন?
(A) গোপাল (B) বল্লাল সেন (C) লক্ষণ সেন (D) ধর্মপাল

**33.** নীচের কোন গুপ্ত শাসক বিক্রমাদিত্য রূপে পরিচিত?
(A) প্রথম চন্দ্রগুপ্ত (B) সমুদ্রগুপ্ত (C) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (D) স্কন্দগুপ্ত

**34.** 'কবুলিয়ৎ' ও 'পাট্টা' কে প্রবর্তন করেন?
(A) বাবর (B) শেরশাহ (C) আকবর (D) শাহজাহান

**35.** কলকাতায় 'এশিয়াটিক সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন?
(A) উইলিয়াম জোনস (B) লর্ড বেন্টিঙ্ক
(C) ডেভিড হেয়ার (D) ড্রিঙ্কওয়াটার বেথুন

**36.** 'উলগুলান' শব্দটি নীচের কোন আন্দোলনের সঙ্গে জড়িত?
(A) মুণ্ডা অভ্যুত্থান (B) সাঁওতাল অভ্যুত্থান
(C) কোল অভ্যুত্থান (D) গোর্খা অভ্যুত্থান

**37.** মন্টেগু চেমসফোর্ড সংস্কার করা হয়েছিল —
(A) দ্বৈতশাসন (B) প্রাদেশিক স্বায়ত্বশাসন
(C) আংশিক স্বাধীনতা (D) আলাদা সাম্প্রদায়িক নির্বাচক মণ্ডলী

**38.** 'ভারত সভা'র প্রতিষ্ঠাতা কে?
(A) লালা লাজপৎ রায় (B) সুরেন্দ্রনাথ ব্যানার্জি
(C) বিপিন চন্দ্র পাল (D) উমেশ চন্দ্র ব্যানার্জি

**39.** ভারতীয় জাতীয় কংগ্রেসকে একটি সেফটি ভালভ হিসাবে দেখতে চেয়েছিলেন —
(A) অ্যালান অক্টোভিয়ান হিউম (B) লর্ড লিটন
(C) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (D) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

**40.** 'সাইমন কমিশন' কবে ভারতে এসেছিল?
(A) 1937 (B) 1927 (C) 1935 (D) 1947

**41.** 'লোকটাক হ্রদ' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) জম্মু ও কাশ্মীর (B) হিমাচল প্রদেশ
(C) অরুণাচল প্রদেশ (D) মণিপুর

**42.** 'ডুরান্ড রেখা' কোন দু'দেশের সীমানা নির্ধারণ করে?
(A) ভারত, চিন (B) ভারত, আফগান-ই-স্তান
(C) ভারত, ভুটান (D) ভারত, তিব্বত

**43.** ভারতের সর্বোচ্চ (Gravity) বাঁধ হল —
(A) হীরাকুঁদ (B) ভাকরা (C) মেত্তুর (D) মাইথন

**44.** পশ্চিমবঙ্গের জেলাগুলির মধ্যে নীচের কোনটি আয়তনের (২০১১) নিম্নক্রম অনুযায়ী সাজানো হয়েছে?
(A) পশ্চিম মেদিনীপুর-বর্ধমান-বাঁকুড়া
(B) পশ্চিম মেদিনীপুর-বর্ধমান-দক্ষিণ ২৪ পরগনা
(C) দক্ষিণ ২৪ পরগনা-পশ্চিম মেদিনীপুর-বর্ধমান
(D) দক্ষিণ ২৪ পরগনা-পশ্চিম মেদিনীপুর-বাঁকুড়া

**45.** ভারতের প্রথম পারমাণবিক কেন্দ্র কোনটি?
(A) তারাপুর (B) ট্রম্বে (C) কালপক্কম (D) নারোরা

**46.** কলকাতার কাছে ঘুসুরিতে ভারতের প্রথম কার্পাস বস্ত্রবয়ন শিল্পটি কোন বছর স্থাপিত হয়?
(A) 1818 (B) 1821 (C) 1819 (D) 1823

**47.** নীচের কোন অঞ্চলটি মুক্তা আহরণের জন্য বিখ্যাত?
(A) তুতিকোরিন (B) কান্দালা (C) দিল্লি (D) পুদুচেরি

**48.** ভারতের বন গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?
(A) দিল্লি (B) ভোপাল (C) দেরাদুন (D) লখনউ

**49.** নীচের কোন দ্রব্যটি রফতানি করে ভারতের বৈদেশিক আয় বেশি হয়?
(A) তামাক (B) চামড়া (C) ইলেক্ট্রনিক দ্রব্য (D) চা

**50.** পশ্চিমবঙ্গে 'Export Processing Zone' (EPZ)-এর কার্যাবলীর সূত্রপাত ঘটে —
(A) রায়চকে (B) ফলতায় (C) কাকদ্বীপে (D) হলদিয়ায়

**51.** ভারতের ক'টি রাজ্যের সীমানা পশ্চিমবঙ্গকে স্পর্শ করেছে?
(A) 4 (B) 6 (C) 5 (D) 3

**52.** দন্ত চিকিৎসকরা ব্যবহার করেন —
(A) বিশেষ ধরনের আয়না (B) সমতল আয়না
(C) অবতল আয়না (D) উত্তল আয়না

**53.** ক্যান্সারের কারণ যে জিনগুলির সক্রিয়তা —
(A) রেগুলেটরি জিন (B) অঙ্কোজিন
(C) স্ট্রাকচারাল জিন (D) জাম্পিং জিন

# পি.এস.সি ক্লার্কশিপ

54. পাকস্থলীর গ্যাসট্রিক গ্রন্থি থেকে উৎপন্ন উৎসেচক হল —
(A) ইনসুলিন (B) টায়ালিন (C) পেপসিন (D) ট্রিপসিন

55. নীচের কোন রোগটি প্রোটিনের অভাবে হয়?
(A) পেলেগ্রা (B) রিকেট
(C) কোয়াশিয়রকর (D) রেটিনোব্লাসটোমা

56. Astronomy বলতে নীচের কোন বিষয়ের ওপর পড়াশোনা করা বোঝায়?
(A) চন্দ্র (B) তারকা (C) আকাশ (D) সূর্য

57. AC কারেন্ট DC-তে রূপান্তরিত করে —
(A) রেকটিফায়ার (B) ডায়নামো (C) ট্রান্সফর্মার (D) মোটর

58. নীচের কোনটি একটি রাসায়নিক পরিবর্তনের উদাহরণ?
(A) জল থেকে বরফে রূপান্তরীকরণ (B) লোহার চৌম্বকীকরণ
(C) কাগজের দহন (D) জলে চিনির দ্রবীভূত হওয়া

59. কাঁচের সঙ্গে বিক্রিয়া করে বলে কোন পদার্থটি কাঁচের পাত্রে রাখা যায় না —
(A) $HNO_3$ (B) HCl (C) HF (D) HBr

60. কম্পিউটার প্রোগ্রামের ত্রুটিকে বলা হয় —
(A) স্প্যাম (B) ফোলিস (C) ভাইরাস (D) বাগ

61. আমির খসরু কোন বাদ্যযন্ত্র ব্যবহার করতেন?
(A) সরোদ (B) তবলা (C) সেতার (D) বাঁশি

62. ফুটবল খেলায় কাকে 'ব্ল্যাক ডায়মন্ড' বলা হয়?
(A) মারাদোনা (B) পেলে (C) গুলিট (D) বেকেনবাওয়ার

63. মালয়েশিয়ার মুদ্রার নাম কী?
(A) পাউন্ড (B) নলট্রাম (C) রিঙ্গিট (D) ইউরো

64. নীচের কোনটি পৃথিবীর প্রথম বাণিজ্যিক কম্পিউটার?
(A) Ferranti Mark-I (B) Mark-I Star
(C) UNIVAC-I (D) IBM-704

65. 'Poilu' কাদের ডাক নাম?
(A) মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী (B) ফরাসি সেনাবাহিনী
(C) জাপানের সেনাবাহিনী (D) ইংরেজ সেনাবাহিনী

66. ভারতে সাহিত্যের ক্ষেত্রে সর্বোচ্চ পুরস্কার কোনটি?
(A) রবীন্দ্র পুরস্কার (B) সাহিত্য আকাদেমি পুরস্কার
(C) জ্ঞানপীঠ পুরস্কার (D) সরস্বতী পুরস্কার

67. 'সাইলেন্ট স্প্রিং' বইটি কার লেখা?
(A) রাচেল কারসন (B) ড্যন ব্রাউন
(C) জে.কে. রাউলিং (D) চার্লস ডিকোন্স

68. ভারতের কোন রাজ্য সরকার 'তানসেন সম্মান' প্রদান করে?
(A) উত্তর প্রদেশ (B) গুজরাত (C) মধ্য প্রদেশ (D) মহারাষ্ট্র

69. ভারতের তৈরি প্রথম মিসাইল কোনটি?
(A) আকাশ (B) অগ্নি (C) পৃথ্বী (D) ত্রিশূল

70. পদার্থবিদ্যা আর রসায়নবিদ্যা উভয় বিভাগেই নোবেল পেয়েছেন কে?
(A) ডেভিড লী (B) মেরি কুরি
(C) লিনিয়াস পাউলিং (D) পিয়ের কুরি

71. কোনো একটি দ্রব্যে লিখিত বিক্রয়মূল্য আছে 5500 টাকা। যদি দ্রব্যটি বিক্রি করার জন্য পরপর দু'বার 25% ও 15% ছাড় দেওয়া হয় তবে দ্রব্যটির বিক্রয়মূল্য কত হবে?
(A) 3605.25 টাকা (B) 3506.25 টাকা
(C) 3605.75 টাকা (D) 3506.75 টাকা

72. অসীমা কোনো একটি পরীক্ষায় 30% নম্বর পায় ও 40 নম্বরের জন্য ব্যর্থ হয়। ওই পরীক্ষায় অন্য একজন 42% নম্বর পায় ও ন্যূনতম নম্বরের থেকে 32 বেশি পায়। ওই পরীক্ষায় সর্বোচ্চ নম্বর কত ছিল?
(A) 700 (B) 800 (C) 600 (D) 900

73. 5টি আমের বিক্রয়মূল্য 4টি আমের ক্রয়মূল্যের সমান। লাভ বা, ক্ষতির শতকরা হার কত?
(A) 20% লাভ (B) 30% লাভ (C) 20% ক্ষতি (D) 30% ক্ষতি

74. কোনো সংখ্যাকে 713 দিয়ে ভাগ করলে ভাগশেষ হয় 115, ওই সংখ্যাকে 31 দিয়ে ভাগ করলে কত ভাগশেষ থাকবে?
(A) 20 (B) 22 (C) 24 (D) 26

75. $1-\frac{1}{2}-\frac{1}{4}+\frac{1}{8}-\frac{1}{16}=?$
(A) $\frac{5}{16}$ (B) $\frac{9}{16}$ (C) $\frac{11}{16}$ (D) $\frac{7}{16}$

76. 0.003 এর সমতুল্য হল —
(A) 0.003% (B) 0.03%
(C) 0.3% (D) 3%

77. 6 অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(A) 999999 (B) 999990 (C) 998001
(D) 100000

78. একজন ব্যাটসম্যান 72তম ইনিংসে 63 রান করায় তার রানের গড় 2 বৃদ্ধি পায়। 12তম ইনিংসের পরে তার রানের গড় কত?
(A) 33 (B) 39 (C) 41 (D) 42

79. একজন পিতা ও তার পুত্রের বয়সের অনুপাত যথাক্রমে 17 : 7. 6 বছর আগে ওই অনুপাত ছিল 3 : 1। পিতার বর্তমান বয়স কত?
(A) 48 বছর (B) 51 বছর
(C) 64 বছর (D) 70 বছর

80. 12, 14 ও 24 এর চতুর্থ সমানুপাত কত?
(A) 28 (B) 32 (C) 30 (D) 36

81. সুমন্ত 50000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করার 8 মাস পর দীপক 70000 টাকা নিয়ে ওই ব্যবসায় যুক্ত হয়। 3 বছর পরে তাদের লভ্যাংশের অনুপাত হবে —
(A) 43 : 45 (B) 45 : 49
(C) 53 : 51 (D) 51 : 49

82. A : B = 3 : 4, B : C = 6 : 5 হলে A : C-এর মান কত?
(A) 10 : 11 (B) 8 : 9 (C) 5 : 7 (D) 9 : 10

83. কিছু লোক একটি কাজ 90 দিনে করতে পারে। যদি 15 জন লোক কম কাজে লাগে তবে কাজটি শেষ করতে 10 দিন বেশি সময় লাগে। শুরুতে কত জন লোক ছিল?
(A) 120 জন (B) 130 জন
(C) 140 জন (D) 150 জন

84. এক ব্যক্তি 12% সরল সুদে কিছু টাকা 2 বছরের জন্য একটি সংস্থায় রেখে 450 টাকা সুদ পান। ওই ব্যক্তি কত টাকা সংস্থাটিতে বিনিয়োগ করেছিলেন?
(A) 8715 টাকা (B) 1875 টাকা
(C) 1587 টাকা (D) 1785 টাকা

85. A এর কার্যক্ষমতা B এর দ্বিগুণ। যদি দু'জন মিলে কোনো কাজ 21 দিনে করতে পারে তবে A একা কাজটি কত দিনে করবে?
(A) $31\frac{1}{2}$ দিন (B) $30\frac{1}{2}$ দিন
(C) $35\frac{1}{2}$ দিন (D) 40 দিন

86. একটি খালি চৌবাচ্চা একটি নল দিয়ে 8 ঘণ্টায় ভরতি হয়। কিন্তু চৌবাচ্চায় একটি ছিদ্র থাকার কারণে সেটি ভরতি হতে আরো 2 ঘণ্টা বেশি সময় লাগে। ওই ছিদ্রের মাধ্যমে চৌবাচ্চাটি খালি হতে কত সময় লাগবে?
(A) 20 ঘণ্টা (B) 25 ঘণ্টা
(C) 30 ঘণ্টা (D) 40 ঘণ্টা

87. সরলতম (Simplification) মান নির্ণয় করুন :
$$\frac{b+c}{(a-b)(c-a)}+\frac{c+a}{(a-b)(b-c)}+\frac{a+b}{(c-a)(b-c)}$$
(A) 1 (B) 2 (C) – 1 (D) 0

88. এক ব্যক্তি 5 মিনিটে 600 মিটার লম্বা একটি রাস্তা অতিক্রম করে। ওই ব্যক্তির গতি কত কিলোমিটার প্রতি ঘণ্টায়?
(A) 3.6 (B) 7.2 (C) 10 (D) 8.4

89. চলন্ত ট্রেনের এক যাত্রী বাইরে 1 মিনিটে 21টি খুঁটি গণনা করে। যদি প্রত্যেক দু'টি খুঁটির মধ্যে দূরত্ব 50 মিটার হয়, তাহলে ট্রেনটির গতিবেগ কত?
(A) 50 কিমি/ঘণ্টা (B) 60 কিমি/ঘণ্টা
(C) 65 কিমি/ঘণ্টা (D) 70 কিমি/ঘণ্টা

90. কোনো নৌকা স্থির জলে 36 কিলোমিটার/ঘণ্টা গতিতে চলে। নৌকাটি স্রোতের বিপরীতে 1 ঘণ্টা 45 মিনিটে 56 কিলোমিটার যেতে পারে। ওই দূরত্ব স্রোতের অনুকূলে গেলে কত সময় লাগবে?
(A) 3 ঘণ্টা (B) 2 ঘণ্টা
(C) 1 ঘণ্টা 24 মিনিট (D) 2 ঘণ্টা 20 মিনিট

91. একটি সংখ্যাকে সেই সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল 172225 হয়?
(A) 400 (B) 167 (C) 415 (D) 425

92. একটি ব্যবসায় A, B ও C তিনজন পার্টনার। যদি A এর মূলধন B এর মূলধনের দ্বিগুণ, B এর মূলধন C এর মূলধনের তিনগুণ হলে, A, B ও C এর নিয়োজিত মূলধনের অনুপাত কত?
(A) 6 : 3 : 1 (B) 2 : 3 : 6
(C) 3 : 6 : 1 (D) 1 : 3 : 6

93. কোনো এক পিকনিক অনুষ্ঠানে যতজন সদস্য হাজির হয়েছে প্রত্যেকে তার দ্বিগুণ পরিমাণ টাকা অনুদান দিয়ে মোট 3042 টাকা উঠল। উপস্থিত সদস্যের সংখ্যা কত?
(A) 32 (B) 40 (C) 39 (D) 43

94. $\frac{8.73\times8.73\times8.73+4.27\times4.27\times4.27}{8.73\times8.73-8.73\times4.27+4.27\times4.27}=?$
(A) 13 (B) 11 (C) 13.27 (D) 12

95. দু'টি বড় পাহাড়ের মাঝখানে দাঁড়িয়ে থাকা একজন ব্যক্তি একটি বন্দুক দিয়ে গুলি করে। সে দু'টি প্রতিধ্বনি শুনতে পায়। প্রথমটি 1.5 সেকেন্ড পরে আর দ্বিতীয়টি 3.5 সেকেন্ডের পরে। যদি শব্দের গতি 340 মিটার/সেকেন্ড হয়, তবে দু'টি পাহাড়ের মধ্যে দূরত্ব হবে —
(A) 850 মিটার (B) 425 মিটার
(C) 1020 মিটার (D) 510 মিটার

96. বৃহত্তম ভগ্নাংশ (fraction) কোনটি?
$\frac{7}{8}, \frac{13}{16}, \frac{31}{40}, \frac{63}{80}$
(A) $\frac{7}{8}$ (B) $\frac{31}{40}$ (C) $\frac{63}{80}$ (D) $\frac{13}{16}$

97. $8a^3-(pb)^3=(2a-3b)(4a^2+6ab+9b^2)$ হলে p = ?
(A) 2 (B) 4 (C) 5 (D) 3

98. 5 জন শ্রমিক 5 ঘণ্টা কাজ করে 5টি মাদুর তৈরি করে। 10 জন শ্রমিক 10 ঘণ্টা কাজ করে ক'টি মাদুর তৈরি করবে?
(A) 10 (B) 20 (C) 30 (D) 35

99. 1760 মিটার একটি সোজা রাস্তার উভয় পাশে 20 মিটার অন্তর সবথেকে বেশি কতগুলি গাছ লাগানো যাবে?
(A) 88টি (B) 172টি (C) 178টি (D) 89টি

100. $1^3+2^3+3^3+\ldots+10^3=3025$ হলে $4+32+108+\ldots+4000=?$
(A) 12000 (B) 11200
(C) 12400 (D) 12100

## উত্তর

1(B). 2(C). 3(B). 4(B). 5(C). 6(C). 7(B). 8(D). 9(B). 10(D). 11(A). 12(B). 13(C). 14(C). 15(B). 16(C). 17(C). 18(A). 19(C). 20(D). 21(D). 22(D). 23(D). 24(B). 25(C). 26(C). 27(B). 28(C). 29(C). 30(C). 31(D). 32(B). 33(C). 34(B). 35(A). 36(A). 37(A). 38(B). 39(A). 40(B). 41(D). 42(B). 43(B). 44(C). 45(A). 46(A). 47(A). 48(C). 49(B). 50(B). 51(C). 52(C). 53(B). 54(C). 55(C). 56(B). 57(A). 58(C). 59(C). 60(D). 61(C). 62(B). 63(C). 64(C). 65(B). 66(C). 67(A). 68(C). 69(C). 70(B). 71(B). 72(C). 73(C). 74(B). 75(A). 76(C). 77(C). 78(C). 79(B). 80(A). 81(B). 82(D). 83(D). 84(B). 85(A). 86(D). 87(D). 88(B). 89(B). 90(C). 91(C). 92(A). 93(C). 94(A). 95(A). 96(A). 97(D). 98(B). 99(C). 100(D).

# কেন্দ্রীয় সংস্থায় ১৪৫ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর

**পোস্ট কোড : MTMECH/062024 :** ম্যানেজমেন্ট ট্রেনি (মেকানিক্যাল) : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)।

**পোস্ট কোড : MTELE/062024 :** ম্যানেজমেন্ট ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)।

**পোস্ট কোড : MTINST/062024 :** ম্যানেজমেন্ট ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন) : ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)।

**পোস্ট কোড : MTCIV/062024 :** ম্যানেজমেন্ট ট্রেনি (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**পোস্ট কোড : MTBOI/072023 :**ম্যানেজমেন্ট ট্রেনি (বয়লার) : কেমিক্যাল, মেকানিক্যাল, পেট্রোকেমিক্যাল, ইন্সট্রুমেন্টেশন বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ওইসব শাখার ডিপ্লোমা কোর্স পাশের পর তিন বছরের ডিগ্রি কোর্স পাশরা ওই শতকরা হারে নম্বর থাকলেও যোগ্য। সব ক্ষেত্রে বয়লার অপারেশন ইঞ্জিনিয়ার্স সার্টিফিকেট বা, বয়লার প্রফিসিয়েন্সি সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTSAFT/072023 :**ম্যানেজমেন্ট ট্রেনি (সেফটি) : ফায়ার অ্যান্ড সেফটির ডিগ্রি কিংবা ডিপ্লোমা কোর্স পাশের পর ফায়ার অ্যান্ড সেফটির ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড : MTCCLAB /062024 :** ম্যানেজমেন্ট ট্রেনি (সিসি ল্যাব) : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল বা, কেমিক্যাল টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৫-২০২৪'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ম্যানেজমেন্ট ট্রেনি পদে ১ বছরের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৩০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 01062024-RECRUITMENT FOR TROMBAY / THAL/AREA OFFICES ALL INDIA.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন টেস্ট হবে, কলকাতা ও গুয়াহাটিতে। প্রশ্ন হবে ইংরিজিতে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। এরপর হবে ইন্টারভিউ ও ট্রেড টেস্ট। দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.rcftd.com আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ

**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**

INC, WBNC & WBUHS স্বীকৃত




**Courses Offered**

**B.Sc নার্সিং** 60 Seats (4 Years)

**GNM নার্সিং** 60 Seats (3 Years)

Admission Open for Current Academic Session

সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ

● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।

স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246

Ph. : 9903205182, 8017656252

কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত SIASTM-এ

## কৃষিবিজ্ঞান কোর্স করার পর অফুরন্ত চাকরির সুযোগ

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স: (১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি । সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট । সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্থ ম্যানেজমেন্ট । সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন । সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

উল্লেখযোগ্য বিষয় : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা।

ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management – মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101. Ph.: 9832015253, 8250155379, 6290698667. কল্যাণী স্টাডি সেন্টার : B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph. : 9830781967.

Web : www.siastm.org Email : siastm2020@gmail.com

মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

## D.M.L.T কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশে ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাসে রয়েছে নিজস্ব একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েক হাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ করা ছাত্র ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুণ বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

**GENEX SUPTENNDU GROUP**

ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান ?

ADMISSION GOING ON

ট্রেনিংয়ের শেষে Placement-এর পূর্ণ সহায়তা করা হবে

ট্রেনিংয়ের জন্য লোনের ব্যবস্থা আছে (শর্ত সাপেক্ষে)

আগ্রহী ছাত্রছাত্রীরা সত্বর যোগাযোগ করুন

মাত্র 4.5 লাখ টাকায় নার্সিং পড়ার সুযোগ

**GNM (Male)**

LAKSHMI NURSING INSTITUTE
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

স্কলারশিপ ৫০০০০ টাকা

**GNM (Female)**

মাত্র ২.৫ লাখ টাকায়

BASUDEB NURSING ACADEMY
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

**D.PHARMA**

মাত্র ১.২০ লাখ টাকায়

SUPTENDU PHARMACY INSTITUTE
Affiliated by WBSCTVE & SD Approved by PCI

মাত্র ২.৫ লাখে মেয়েদের ও ৪.৫ লাখে ছেলেদের পশ্চিমবঙ্গ থেকে ৩ বছরের Nursing করার সুবর্ণ সুযোগ আর তার সাথে কলেজের পক্ষ থেকে পেয়ে যান ৫০ হাজার টাকা পর্যন্ত স্কলারশিপের সুবিধা (শর্ত সাপেক্ষে)

স্কলারশিপের সুবিধা

- অত্যাধুনিক কলেজ ক্যাম্পাস ও ফ্রী Wi-Fi পরিষেবা
- স্বাস্থ্য উপযোগী হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা

Address: Kamdebpur, P.S- Polba, Sugandha, Dist.- Hooghly-712102

9748305453, 8335083933, 8100613849, 8335063512

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com